



জীবন বীমা কর্পোরেশন
প্রধান কার্যালয়, ঢাকা।

বিষয়ঃ জীবন বীমা কর্পোরেশনের ২০২২-২০২৩ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে নৈতিকতা কমিটির ৩য় প্রান্তিকের সভার কার্যবিবরণী।

সভাপতি : মো: মিজানুল হক চৌধুরী, ম্যানেজিং ডাইরেক্টর।
তারিখ : ২৯ মার্চ, ২০২৩, বৃহস্পতিবার, সকাল ১১.০০.০০ ঘটিকা।
স্থান : এক্সিকিউটিভ কনফারেন্স রুম, জীবন বীমা কর্পোরেশন।
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি আর্থিক প্রতিষ্ঠান বিভাগের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের গুরুত্ব সম্পর্কে আলোচনা করেন এবং বক্তব্যে বলেন, সকলকে শুদ্ধাচার বাস্তবায়নে মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক প্রতি প্রান্তিকে একটি উদ্যোগ গ্রহণ করতে হবে এবং বাস্তবায়ন করতে হবে। অতঃপর তিনি হিসাব বিভাগের ম্যানেজার ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ উপস্থাপনের জন্য বলেন।

২। ম্যানেজার, হিসাব একত্রিকরণ ও জীবিকের শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা আলোচ্যসূচি অনুযায়ী বলেন যে, ২০২২-২০২৩ অর্থ বছরে ৩য় প্রান্তিকের শুদ্ধাচার কার্যক্রম প্রতিবেদন ও প্রমাণক সুসংগতিভাবে আর্থিক প্রতিষ্ঠান বিভাগে উপস্থাপিত করা প্রয়োজন। গত সভার নির্দেশনা মোতাবেক দু'টি রিজিওনাল অফিসের নৈতিকতা কমিটি গঠনের অফিস আদেশ এখনো পাওয়া যায়নি। সিলেট রিজিওনাল অফিসে অংশীজনের (stakeholders) অংশগ্রহণের সভা অনুষ্ঠিত হয়েছে, তবে সভার কার্যবিবরণী ও উপস্থিত তালিকা প্রেরণ করা হয়নি।

৩। আলোচনায় ম্যানেজিং ডাইরেক্টর বলেন যে, প্রবাসী কর্মীদের জন্য ৫(পাঁচ) বছর মেয়াদী প্রবাসী কর্মী বীমা চুক্তি হয়েছে। তবে যে সকল প্রবাসী কর্মী ইতোপূর্বে প্রবাসে অবস্থান করছেন কিন্তু বিদ্যমান প্রবাসী কর্মী বীমা গ্রহণের সুযোগ পাননি তাঁদের জন্য নতুন বীমা স্কীম চালু করণের উদ্যোগ গ্রহণ করতে হবে। জীবন বীমা কর্পোরেশনের কর্মকর্তা ও কর্মচারীদের জন্য স্বাস্থ্য বীমা চালুর উদ্যোগ নেয়া হয়েছে। বাংলাদেশ বিমান কর্মকর্তা ও কর্মচারীদের জন্য সহযোগী বীমা হিসেবে স্বাস্থ্য বীমা চালু করা যেতে পারে। বাংলাদেশ পুলিশ বাহিনীর জন্যও স্বাস্থ্য বীমা ও গুপ বীমা চালু করা যেতে পারে। তাছাড়া, জালানী তেল পরিবহনে নিয়োজিত শ্রমিকদের কোন বীমা পরিকল্পনা করা যায় কিনা তা ভেবে দেখতে হবে। একইভাবে গণ-কর্মচারীদের জন্য একক বীমা চালু করার প্রস্তাব আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণের উদ্যোগ গ্রহণ করতে হবে। প্রয়োজনে এনআইডি ব্যবহারের অনুমতি গ্রহণ করে কর্পোরেশনের বীমাগ্রাহকের জন্য অ্যাপস তৈরীর কার্যক্রম গ্রহণ করতে হবে।

৪। সভায় আলোচনা হয় যে, সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভার রেজুলেশন যে সব রিজিওনাল অফিস এখনো প্রেরণ করেন নি, আগামী ০৭ এপ্রিলের, ২০২৩ তারিখের মধ্যে রেজুলেশন করে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। তাছাড়া, ৮টি রিজিওনাল অফিসে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে ৮টি সভা আগামী মে ও জুন মাসে প্রধান কার্যালয়ের ম্যানেজিং ডাইরেক্টরের উপস্থিতিতে বা তাঁর প্রতিনিধির উপস্থিতিতে অনুষ্ঠিত হওয়ার

২য় পাতা দ্র:

কার্যক্রম গ্রহণ করতে হবে। উক্ত খরচ শুদ্ধাচার বাজেট থেকে নির্বাহ করার ব্যবস্থা নেয়া যেতে পারে।

- ৫। সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ
- ৫.১ যে সকল প্রবাসীকর্মী ইতোপূর্বে প্রবাসে অবস্থান করছেন কিন্তু বিদ্যমান প্রবাসীকর্মী বীমা গ্রহণের সুযোগ পাননি তাদের জন্য নতুন বীমা স্কিম চালু করণের জন্য একচুয়ারি বিভাগ উদ্যোগ গ্রহণ করবে।
- ৫.২ যে সব রিজিওনাল অফিস সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভার রেজুলেশন এখনো প্রেরণ করে নাই, সে সব রিজিওনাল অফিস আগামী ৭ এপ্রিলের মধ্যে প্রয়োজনীয় প্রমাণকসহ রেজুলেশন প্রেরণ করবে। তাছাড়া, ৮টি রিজিওনাল অফিসে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে ৮টি সভা আগামী মে ও জুন মাসে প্রধান কার্যালয়ের ম্যানেজিং ডাইরেক্টরের উপস্থিতিতে বা তাঁর প্রতিনিধির উপস্থিতিতে অনুষ্ঠিত হবে। নৈতিকতা কমিটির ফোকাল পার্সন উক্ত সিডিউল রিজিওনাল অফিসে প্রেরণ করবে।
- ৫.৩ জীবন বীমা কর্পোরেশনের কর্মকর্তা ও কর্মচারীদের জন্য স্বাস্থ্য বীমা চালুর যে উদ্যোগ নেয়া হয়েছে তা বাস্তবায়নের জন্য গ্রুপ ডিভিশন ব্যবস্থা গ্রহণ করবে।
- ৫.৪ বাংলাদেশ বিমান কর্মকর্তা ও কর্মচারীদের জন্য সহযোগী বীমা হিসেবে স্বাস্থ্য বীমা চালু করার কার্যক্রম গ্রহণ করতে হবে। বাংলাদেশ পুলিশ বাহিনীর জন্যও স্বাস্থ্য বীমা এবং গ্রুপ বীমা চালু করা যেতে পারে। তাছাড়া, জ্বালানী তেল পরিবহনে নিয়োজিত শ্রমিকদের জন্য বীমা পরিকল্পনা তৈরী করতে হবে।
- ৫.৫ একইভাবে গণ-কর্মচারীদের জন্য একক বীমা চালু করার প্রস্তাব আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণের উদ্যোগ গ্রহণ করতে হবে।

আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: মিজানুল হক চৌধুরী)
ম্যানেজিং ডাইরেক্টর

নং ৫৩.১৯.৯০০১.০২৮.০০.০০০.২০২০ - ৬০০

তারিখ: ০৩ এপ্রিল, ২০২৩

বিতরণ:

- ১। সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
২। চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।
৩। যুগ্মসচিব, নৈতিকতা কমিটি (ফোকাল পার্সন), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
৪। নৈতিকতা কমিটির সকল সদস্য, জীবন বীমা কর্পোরেশন।

(মো: ফেরদৌস আলম খান)

ম্যানেজার- হিসাব